JAN 10 2001

# ছাত্রদল ঃ তবুও বিরোধ মেটেনি

**নিজস্ব বার্তা পরিবেশক ঃ** বিএনপি চেয়ারপার্সন বেগম খালেদা জিয়ার ধমকে জাতীয়তাবাদী ছাত্রদলের বিদ্রোহী গ্রুপ দমে গেলেও দুই গ্রুপের মধ্যকার বিরোধ এখনো মেটেনি। বিদ্রোহী গ্রুপ নয়া নেতৃত্বকে অসহযোগিতা করে চলেছে। গত সোমবার বেগম খালেদা জিয়া দুই গ্রুপের মধ্যে সমঝোতা করে দিলেও পিন্টু-লান্টুর নেতৃত্বাধীন কমিটি গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ঢুকতে পারেনি।

গতকাল সকালে মুক্তাঙ্গনে পিন্টু-লান্টু কমিটি আয়োজিত সমাবেশে বিদ্রোহী গ্রুপের কোন নেতাই আসেননি। পাঠ্যবই সংকটের প্রতিবাদসহ বিভিন্ন দাবিতে গতকাল তারা এ সমাবেশ করে।

গত সোমবার রাতে বেগম জিয়া বিদ্রোহী গ্রুপের মনির হোসেন, সাগর আহমদ, মামুন হাসান, এ বি এম মোশাররফ হোসেনসহ ১১ জন নেতাকে ডেকে তার ঘোষিত পিন্টু-লান্টু কমিটির অধীনে কাজ করার নির্দেশ দেন।

গত ২২শে ডিসেম্বর বেগম জিয়া নাসির উদ্দিন পিন্টুকে সভাপতি ও শাহাবুদ্দিন আহমদ লান্টুকে সাধারণ সম্পাদক করে কেন্দ্রীয় কমিটি ঘোষণা করেন। বিদ্রোহী গ্রুপের এক নেতা গতকাল জানান, বেগম জিয়া দুই গ্রুপকে এক সাথে ডেকে কোন সমঝোতা না করে দিলে বিদ্যমান বিরোধ মিটবে না।